

Internet Service Provider (ISP) টারিফ

(এক দেশ, এক রেট)

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন এবং ডিজিটাল বাংলাদেশের সুফল পৌঁছে দিতে ব্রডব্যান্ডের সহজলভ্যতা এবং সহনীয় মূল্য নির্ধারণকে বিবেচনা করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা মোতাবেক বিটিআরসি সারাদেশে ব্রডব্যান্ড ইন্টারনেট টারিফ নির্ধারণ করে, যা ১ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে কার্যকর হয়েছে। সরকার কর্তৃক নিম্নলিখিত মোতাবেক সারাদেশের জন্য নির্ধারিত প্যাকেজ ঘোষণা করা হয়েছে এবং টারিফের শর্তানুযায়ী আনুপাতিক হারে সমন্বয় করে অন্যান্য সকল প্যাকেজের অনুমোদন প্রদান করা হচ্ছে। সারাদেশের সকল ব্রডব্যান্ড ইন্টারনেট গ্রাহকগণ বিটিআরসি'র অনুমোদিত টারিফ সংশ্লিষ্ট ISP'র নিজস্ব ওয়েবসাইট হতে বিস্তারিত তথ্যাদি ও সেবার মান বজায় রাখার 'Penalty' শর্তসহ অন্যান্য তথ্যসমূহ দেখতে পারবে।

সকল ধরনের সরকারী/বেসরকারী Internet Service Provider (ISP) লাইসেন্সধারীদের জন্য টারিফঃ

ব্যান্ডউইথ (সর্বনিম্ন)	ISP Tariff, BDT/Month (এক দেশ, এক রেট)			
	Metro	District	Upazilla/Thana	Union
সর্বোচ্চ শেয়ার্ড (কনটেনশন রেশিও) 1:8				
5 Mbps	500 (সর্বোচ্চ)	500 (সর্বোচ্চ)	500 (সর্বোচ্চ)	500 (সর্বোচ্চ)
10 Mbps	800 (সর্বোচ্চ)	800 (সর্বোচ্চ)	800 (সর্বোচ্চ)	800 (সর্বোচ্চ)
20 Mbps	1200 (সর্বোচ্চ)	1200 (সর্বোচ্চ)	1200 (সর্বোচ্চ)	1200 (সর্বোচ্চ)

গ্রাহক সংশ্লিষ্ট টারিফের গুরুত্বপূর্ণ শর্তাবলীঃ

(১) গ্রাহক সেবা ও সেবার মান নিশ্চিত প্রয়োজনীয় 'Penalty' শর্ত সহ Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদণ্ড নির্ধারণে বর্ণিত Grade A, B ও C মোতাবেক 'Grade of Service (GoS)' বজায় রাখতে প্রতিটি ISP বাধ্য থাকবে। সকল ধরনের ISP'র ক্ষেত্রে "গ্রাহক ০৫ দিন অব্যাহতভাবে ইন্টারনেট সেবা বিচ্ছিন্ন থাকলে মাসিক বিল ৫০% প্রদান করবে, ১০ দিন অব্যাহতভাবে ইন্টারনেট সেবা বিচ্ছিন্ন থাকলে মাসিক বিলের ২৫% প্রদান করবে এবং ১৫ দিন অব্যাহতভাবে ইন্টারনেট সেবা বিচ্ছিন্ন থাকলে উক্ত মাসে কোন মাসিক বিল প্রদান করবে না";

(২) সরকারের অনুমোদিত ইন্টারনেট স্পিড সর্বনিম্ন সীমা 5Mbps বিদ্যমান রেখে টারিফের তালিকা অনুযায়ী 5Mbps, 10Mbps ও 20Mbps অথবা Contention Ratio- 1:8 কে আনুপাতিক হারে প্রয়োজনীয় সমন্বয় করে কমিশনের অনুমোদনক্রমে গ্রাহকদের ISP অন্যান্য প্রোডাক্ট/সেবা প্রদান করতে পারবে;

(৩) ISP কর্তৃক কমিশন হতে অনুমোদিত টারিফ চার্ট নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং অনুমোদিত সেবা বা টারিফ - এ কোন প্রকার পরিবর্তন বা সংযোজন গ্রহনযোগ্য নয়;

(৪) টারিফের বাহিরে অনুমোদন ব্যতীত কোন সেবা/প্রোডাক্ট পরিচালনা করলে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে;

(৫) গ্রাহক অভিযোগ (টিকেটিং নাম্বার সহ) দ্রুততার সাথে সমাধান করতে হবে, গ্রাহক কর্তৃক কোন অভিযোগ প্রাপ্ত হলে বিটিআরসি প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে এবং গ্রাহক অভিযোগ ও অভিযোগ সমাধানের তথ্য কমপক্ষে ছয় (০৬) মাসের জন্য সংরক্ষণ করতে হবে;